# জাতীয় ধারদেনার লাইন (National Debtline)

## বেইলিফ এবং কাউন্সিল ট্যাক্স

বেইলিফ, যারা আপনার বাড়ীতে এসে কাউন্সিল ট্যাক্স অথবা কমিনিটি চার্জের (পোল ট্যাক্স) বকেয়া দেনা আদায় করার চেষ্টা করতে পারে, তাদের সঙ্গে কি ভাবে আচরন করতে হবে এই তথ্য পত্রে সে সম্বন্ধে আলোচনা করা হয়েছে। বেইলিফ যদি অন্য কোন ধরনের দেনা আদায় করবার জন্য আপনার সঙ্গে যোগাযোগ করে সেই দেনার আইন হয়ত এর থেকে ভিন্ন হতে পারে।

কাউন্সিল ট্যাক্স এবং পোল ট্যাক্সের দেনা সাধারনত প্রাইভেট কোম্পানিগুলি অথবা বেইলিফ আদায় করে থাকে। তারা আপনার জিনিষপত্র নিয়ে বিক্রি করার চেষ্টা করে। সাধারনত এই জিনিষগুলি বিক্রি করা হয় নিলামে, যাতে এই টাকা দিয়ে দেনা শোধ করা যায়। আপনার জিনিষ নিতে চাওয়ার যে পদ্ধতি তাকে বলা হয় "ক্রোক করা (জোর করে ব্যক্তিগত সম্পত্তি দখল করা) {Distraining (to sieze personal property)} অথবা কর ধার্য করা (Levying)"।

১৯৯৮ সালের অক্টোবর মাস থেকে এই নিয়ম করা হয়েছে যে, বেইলিফ যারা জিনিষ নিতে আসবে তাদেরকে অবশ্যই "শংসাপত্র প্রাপ্ত (Certificated)" হতে হবে। তার মানে হল এই যে তাদের কাছে বেইলিফের কাজ করার জন্য জেলা আদালতের (County Court) অনুমোদিত শংসাপত্র (Certificate) থাকতে হবে। আপনি এই শংসাপত্র (Certificate) পাওয়া বেইলিফের নামে জেলা আদালতে অভিযোগ করতে পারবেন। আপনি এটা পরীক্ষা করে দেখবেন যে বেইলিফের শংসাপত্র (Certificate) আছে এবং **"কি ভাবে অভিযোগ করবেন"** সেই অংশ দেখুন।

১৯৯৮ সালর এপ্রিল মাস থেকে এই নিয়ম করা হয়েছে যে, আপনার কত ধার আছে সেটা কাউন্সিলের আপনাকে চিঠি লিখে জানাতে হবে এবং সেই চিঠি আপনাকে সাবধান করে দেবে যে, যদি ১৪ দিনের মধ্যে আপনি ধার শোধ না করেন তাহলে বেইলিফ এসে জিনিষপত্র নিয়ে যাবে। আপনার যদি কিছু জানবার থাকে, তহলে কাউন্সিলে কার সঙ্গে যোগাযোগ করবেন, সেটাও এই চিঠিতে লেখা থাকবে। কাউন্সিলের সঙ্গে যোগাযোগ করে অবিলম্বে যতটা পরিমান সম্ভব ধার শোধ করতে পারেন তার ব্যবস্থা করুন। যদি কাউন্সিল এতে রাজী হয় তাহলে তারা বেইলিফের আসা বন্ধ করতে পারবে এবং এর ফলে আপনাকে যে বাড়তি পারিশ্রমিক দিতে হত সেটা বাঁচাতে পারবেন।

## বেইলিফকে কি আমার বাড়ীতে ঢুকতে দিতে হবে?

**যদি বেইলিফ আগে কখনও এই একই ধার আদায় করার জন্য আপনার বাড়ীতে না এসে থাকে তাহলে তাদের আপনার বাড়ীর ভিতরে ঢুকবার কোন অধিকার নাই। তারা বাড়ীর দরজা ভেঙ্গে ঢুকতে পারবে না। আপনি যদি চান তাহলে আপনি তাদের আপনার বাড়ীতে ঢুকতে নাও দিতে পারেন।**

- তাদের জন্য দরজা খুলবেন না তারা আপনাকে ধাক্কা দিয়ে ঢুকবার চেষ্টা করতে পারে। তারা যদি একবার আপনার বাড়ীর ভিতর ঢুকতে পারে তাহলে তাদের আবার ভিতরে ঢুকে জিনিষগুলি নিয়ে যাবার অধিকার থাকবে, এমন কি তারা দরকা ভেঙ্গেও ঢুকতে পারে।

- কোন জানালা খুলে রাখবেন না এবং দরজায় তালা দিয়ে রাখবেন। আইনত বেইলিফ এগুলি দিয়ে বাড়ীর ভেতরে ঢুকতে পারে। **বেইলিফ বাড়ীর ভেতরে ঢুকবার জন্য কখনও পুলিশকে সাহায্য করার জন্য বলতে পারবে না।**

- সাবধান! কোন কোন বেইলিফ আপনার জন্য ফোন নম্বর রেখে যাবে এবং আপনার সঙ্গে এসে কথা বলার চেষ্টা করবে। তাদেরকে কখনও ঢুকতে দেবেন না। এমন কি তারা যদি বলে যে তারা টয়লেটে যেতে চায় কি একটা ফোন করতে চায়।

- যদিও এটা বেআইনি তবুও বেইলিফ হয়ত আপনার গ্যারাজ, শেড/চালা, গ্রীনহাউস ইত্যাদিতে ঢুকবার চেষ্টা করতে পারে। আপনার দামী জিনিষগুলি সাবধানে রাখবেন। তারা আপনার গাড়ী, মোটরবাইক এবং অন্যান্য যানবাহন যেগুলি আপনার বাড়ীর কাছে পার্ক করা আছে সেগুলি নিয়ে নিতে পারে।

- ভদ্রতার সঙ্গে কিন্তু দৃঢ়ভাবে তাদের বাড়ীর ভিতরে ঢুকতে দেবেন না। আপনি যতটা ধার শোধ করতে পারবেন তার প্রস্তাব দিন। যদি বেইলিফ আপনার প্রস্তাব মেনে নেয় তাহলে তাদের নিজেদের গাড়ীতে গিয়ে অপেক্ষা করতে বলুন, এবং আপনি নিজে বাইরে গিয়ে তাদের টাকা দিন। টাকার রসিদ নিতে ভুলবেন না।

**কোন কিছুতে দস্তগত দেবেন না!** বেইলিফ যদি দস্তগত করে ফেরত দেবার জন্য কোন কাগজপত্র রেখে যায়, আপনার কিন্তু সেগুলিতে দস্তগত করতে হবে না। যদি কোন কাগজপত্র তারা দরজা দিয়ে ফেলে যায় অথবা ডাকে পাঠায় সেগুলিতেও আপনাকে দস্তগত দিতে হবে না।

## বেইলিফ আমার বাড়ীতে আগেও এসেছে

এটা তাহলে বেশ গুরুতর ব্যপার। আপনি যদি আগে তাদের ঢুকতে দিয়ে থাকেন তাহলে বেইলিফদের আপনার বাড়ীতে আবার ঢুকবার অধিকার আছে এবং আপনি যদি তাদের ঢুকতে না দেন তাহলে তারা জোর করে অথবা দরজা ভেঙ্গে ঢুকতে পারে।

- অবিলম্বে বেইলিফদের সঙ্গে যোগাযোগ করে তাদের কিশতিতে ধার শোধ দেওয়ার প্রস্তাব করুন। তাদেরকে আপনার নিজস্ব খরচের পরিকল্পনা (budget) দেখান যাতে তারা বুঝতে পারে যে আপনার পক্ষে যতটা ধার শোধ করা সম্ভব আপনি সেই প্রস্তাব করছেন। আপনার এই ধারকে অগ্রাধিকার দিতে হবে, কারন আপনি যদি এই দেনা শোধ না করেন তাহলে বেইলিফ এসে তাদের তালিকাভূক্ত জিনিষগুলি নিয়ে যাবে। আপনি তাদের যে টাকা শোধ করবেন তার জন্য রসিদ নিতে ভুলবেন না।

আপনার স্থানীয় কাউন্সিলের সঙ্গে যোগাযোগ করে তাদের ধার ফেরত নিতে বলুন। আপনার স্থানীয় কাউন্সিলারের কাছে সাহায্যের জন্য অনুরোধ করুন।

## বেইলিফকে কি কি জিনিষ নেওয়ার অনুমতি দেওয়া হয়?

কিছু কিছু জিনিষ আছে যেগুলি বেইলিফের নেওয়ার অনুমতি একদম নেই; যেমন ভাড়া করা জিনিষগুলি। নিয়ম অনুসারে নিম্নলিখিত জিনিষগুলি নেওয়া নিষিদ্ধ এবং তারা সেই জিনিষগুলি নিতে পারবে না:

- "যেমন নিজস্ব ব্যবহারের যন্ত্রপাতিগুলি, বই, যানবাহন এবং অন্যান্য জিনিষগুলি যেগুলি ব্যক্তিগত কাজের এবং পেশার জন্য ব্যবহার করা হয়।"

- "আপনার এবং আপনার পরিবারের দৈনন্দিন জীবনযাত্রা নির্বাহের জন্য যে মৌলিক এবং সঞ্চিত জিনিষগুলির প্রয়োজন, যেমন- জামাকাপড়, বিছানাপত্র, আসবাবপত্র এবং সংসারের অন্যান্য প্রয়োজনীয় জিনিষগুলি।"

কোন কোন জিনিষগুলি বেইলিফ নিতে পারে তার তালিকা সেটা খুব পরিষ্কার নয়। তার ফলে আপনি দেখবেন যে, আপনাদের জীবনযাত্রা নির্বাহের জন্য কোন কোন জিনিষগুলি দরকারী, কোনগুলি আপনি রাখতে পারবেন এবং কোনগুলি তারা নিতে পারবে, এ সম্বন্ধে বিভিন্ন বেইলিফ বিভিন্ন মত পোষন করে। আপনার মতে, বেইলিফ যে জিনিসগুলি নিয়ে গেছে সেগুলি তালিকাভূক্ত হওয়া উচিৎ ছিল না, তাহলে আপনি সে সম্বন্ধে নালিশ করতে পারেন।

## যে জিনিষগুলি আমার নয় সেগুলি কি বেইলিফ নিতে পারে?

যে জিনিষগুলি আপনার **এবং/অথবা** আপনার সঙ্গীর (partner) দুজনের যুক্ত নামে আছে কেবলমাত্র সেই জিনিষগুলিই বেইলিফ নিতে পারে। যে জিনিষগুলি অন্য কারো নামে আছে (আপনার সন্তানদের, সঙ্গীর, লজার ইত্যাদি), যদি তারা সেগুলি নিতে চায় তাহলে তাদের বলুন যে জিনিষগুলি আপনার নয় এবং দরকার পড়লে প্রমান করবার জন্য রসিদ দেখান।

যে জিনিষগুলি আপনি ভাড়া করেছেন সেগুলি তারা নিতে পারবে না। আপনি কিশতিবন্দীতে যে জিনিষগুলি কিনেছেন সেগুলিও এর মধ্যে পড়ে। যদি সম্ভব হয় তাহলে তাদের আপনার চুক্তির একটা কপি দেখান।

## আমি যদি জিনিষগুলি লুকিয়ে রাখি বা কাউকে দিয়ে দেই?

যদি বেইলিফ এখনও আপনার বাড়ীতে না ঢুকে থাকে তাহলে আপনি জিনিষগুলি লুকিয়ে বা অন্য কোথাও নিয়ে রাখতে পারেন। যদি বেইলিফ আপনার বাড়ীতে আগে ঢুকে থাকে এবং যে জিনিষগুলি তারা নিয়ে নেবে বলে বলেছে, সেগুলি যদি আপনি লুকিয়ে বা সরিয়ে রাখেন তাহলে সেটা অপরাধমূলক কাজ (offence) করা হবে। আপনি আপনার বাড়ীতে সেগুলিকে লুকিয়ে রাখতে পারেন তবে বেইলিফ সেগুলির জন্য তল্লাসী চালাতে পারে।

## বেইলিফদের পদ্ধতিগুলি

বেইলিফ যদি **পোল ট্যাক্স অথবা কাউন্সিল ট্যাক্সের** জন্য ক্রোক করছে (Distraining) তাহলে তাদের কতকগুলি নির্দিষ্ট পদ্ধতি অনুসরন করতে হবে। তাহের সঙ্গে থাকতে হবে:-

- তাদেরকে আপনার বাড়ীতে আসবার জন্য কাউন্সিলের লিখিত অনুমতি। আপনি যদি এই অনুমতিপত্র দেখতে চান তাহলে তদের সেটা আপনাকে দেখানো উচিৎ।

তদেরকে অবশ্যই নিম্নলিখিতগুলির কপি আপনার কাছে রেখে যেতে হবে:-

- যে আইন তাদেরকে আপনার বাড়ীতে আসার ক্ষমতা দিয়েছে এবং তারা কি কি করতে পারে এবং কি কি করতে পারে না। এগুলিকে বলা হয় "বলপ্রয়োগের আইনগুলি (Enforcement Regulations)।"

- প্রত্যেকবার তাদের আপনার বাড়ীতে ঢুকবার অনুমতির জন্য আপনার বিরুদ্ধে যে অভিযোগগুলি আছে সেগুলি। আপনি এটা পরীক্ষা করে দেখুন যে তারা যেন আপনার দেনার পরিমান না বাড়িয়ে থাকে। **এই তথ্যপত্রের শেষে যে তালিকা আছে সেটা দেখুন।**

- যে কোন চুক্তি যেটাতে আপনি দস্তগত দিয়েছেন। এগুলিকে বলা হবে "ওয়াকিং পজেশন (walking possession)" চুক্তি এবং এর মধ্যে থাকবে, বেইলিফ যে জিনিষগুলি নিতে পারে বলে বলেছে তার তালিকা।

## আমি বেইলিফের আসা কি ভাবে বন্ধ করতে পারি?

- আপনি যতটা সম্ভব করে পারেন ততটা করে ধার শোধ করে দেবার ব্যবস্থা করার চেষ্টা করুন। আপনি বেইলিফকে সরাসরি টাকা দিতে পারেন, বেইলিফকে এই প্রস্তাবে রাজী করানো সহজ হবে যদি তারা কোনদিন আপনার বাড়ীতে না ঢুকে থাকে। আপনি যখনি তাদের কোন টাকা দেবেন তার জন্য রসিদ নিতে ভুলবেন না।

- **বেইলিফ আপনাকে জেলে পাঠাতে পারবে না।** যদি বেইলিফ কোনদিন আপনার বাড়ীতে না ঢুকে থাকে এবং তারা আপনার ধার শোধ করার প্রস্তাব মেনে না নেয় তাহলে তারা কেবল এটা করতে পারে যে আপনার ধার/ কেস কাউন্সিলের কাছে ফেরত পাঠাতে পারে। এটা উল্লেখযোগ্য যে এই ধার শোধ দেওয়ার জন্য আপনার কাউন্সিলের সঙ্গে ব্যবস্থা করা উচিৎ অথবা তারা হয়ত অন্যভাবে এই দেনা আদায় করার চেষ্টা করবে। যেমন, আপনার মাইনে থেকে টাকা কেটে নেবে।

- যদি বেইলিফ আপনার প্রস্তাব না মেনে নেয় তাহলে এটা উল্লেখযোগ্য যে আপনি এই টাকা সরিয়ে রাখেন, যাতে বেইলিফ যখনই আপনার ধার/ কেস কাউন্সিলের কাছে ফেরত পাঠাবে, তখনই আপনি সেই টাকা কাউন্সিলেকে দিতে পারবেন। বেইলিফ এবং কাউন্সিলকে চিঠি লিখে জানান যে আপনি ধার শোধের জন্য টাকা জমা করছেন, কারন আপনি বেইলিফকে যে টাকা দিয়েছিলেন তারা সেটা নিতে অস্বীকার করেছে।

- আপনি যদি ইনকাম সাপোর্ট বা জব সিকারস এলাউন্স পেয়ে থাকেন তাহলে কিছু কিছু কাউন্সিলের এই নিয়ম আছে যে তারা বেইলিফকে ব্যবহার করবে না এবং আপনি যে পরিমান ধার শোধের যে প্রস্তাব করবেন সেই প্রস্তাবে রাজী হবে অথবা পরিমান টাকা তারা আপনার বেনিফিট থেকে সরাসরি নিয়ে নেবার প্রস্তাব মেনে নেবে। আপনি কাউন্সিলের সঙ্গে যোগাযোগ করে তাদের জিজ্ঞাসা করুন যে আপনি যদি ধার সরাসরি কাউন্সিলের কাছে শোধ করে দেন তাহলে থরা বেইলিফের কাছ থেকে ধার/ কেস ফিরিয়ে নেবে কি না।

যদি কাউন্সিল আপনাকে সাহায্য করতে রাজী না হয় তাহলে আপনার স্থানীয় কাউন্সিলারেন সঙ্গে যোগাযোগ করুন এবং উনাকে বলুন যে আপনার হয়ে কাউন্সিলারের সঙ্গে কথা বলতে। যদি বেইলিফ আপনার বাড়ীতে আসে এবং আপনার জিনিষপত্র নিয়ে যায় তাহলে আপনাকে কি রকম কঠিন অবস্থায় পড়তে হবে সেটা কাউন্সিলারকে বুঝিয়ে বলুন।

## আমি কি ভাবে অভিযোগ করব?

**প্রথমেই উপদেশ নিন।** বেইলিফের আইন খুব জটিল এবং আপনার যদিও মনে হয় যে তারা আপনার সঙ্গে অন্যায় ব্যবহার করছে তবুও তাদের ব্যবহার হয়ত আইনত ঠিক।

- ১৯৯৮ সালের অক্টোবর থেকে বেইলিফদের সঙ্গে জেলা আদালতের (County Court) অনুমোদিত শংসাপত্র (Certificate) থাকতে হবে। আপনার অভিযোগের ফলে এই শংসাপত্র (Certificate) হয়ত ফিরিয়ে নেওয়া হতে পারে। আপনার জেলা আদালতে (County Court) খোজ নিন যে তাদের কাছে অভিযোগ দাখিল করবার জন্য কোন ফর্ম আছে কি না। যদি না থাকে তাহলে আদালতের ম্যানেজারের কাছে এ সম্বন্ধে বিস্তারিত অভিযোগ জানিয়ে চিঠি লিখুন। এর পর এটার উপর আদালতে শুনানী হবে এবং এর উপর ভিত্তি করে আদালত বেইলিফের শংসাপত্র (Certificate), অর্ডার কমপেনসেশন (order compensation) এবং জিনিষগুলি ফেরত দেবার অর্ডার (order return of the goods) বাতিল করে দিতে পারে। শংসাপত্র (Certificate) ছাড়া বেইলিফ যদি জিনিষগুলি নিতে চায় তাহলে জরিমানা দিতে হতে পারে।

- আপনি ম্যাজিস্ট্রেটের আদালতেও এটা নিয়ে অভিযোগ করতে পারেন এবং কিছুদিন আগেই কয়েকটা কেস হয়েছে যেখানে কার্যতঃ ধার বরবাদ করে দেওয়া হয়েছে এবং এটা প্রমানিত হয়েছে যে বেইলিফ বেআইনি কাজ করেছে। এটা সম্ভব হয়েছিল

অভিযোগ করা এবং তার ফলে শুনানীর দ্বারা। আদালত জিনিষগুলি ফেরত দেওয়ার অথবা ক্ষতিপূরণ দেওয়ার আদেশ দিতে পারে।

- যেহেতু বেইলিফরা কাউন্সিলের প্রতিনিধি হয়ে কাজ করছে সেইজন্য আপনার কাউন্সিলের কাছেও অভিযোগ করা উচিত। কাউন্সিল বেইলিফকে আপনার অভিযোগ বিচার করবার এবং তাদের পদ্ধতি বদলাবার জন্য বলতে পারে। যদি কাউন্সিল আপনাকে সাহায্য না করে তাহলে আপনি একজন স্থানীয় কাউন্সিলারের সঙ্গে কথা বলতে পারেন এবং তিনি হয়ত আপনার পক্ষ হয়ে আপনার অভিযোগ নিয়ে কাউন্সিলের সঙ্গে আলোচনা চালাতে পারেন।

## বেইলিফরা যে মূল্য (charge) দাবী করে

আপনি হয়ত বেইলিফদের মূল্য দাবী করা সম্বন্ধে অভিযোগ করতে পারেন। আপনার যদি মনে হয় যে আপনার কাছ থেকে তারা খুব বেশী মূল্য দাবী করেছে তাহলে এ সম্বন্ধে আপনি কাউন্সিল এবং বেইলিফের কাছে লিখিতভাবে অভিযোগ করতে পারন। আপনি হয়ত আদালতের কাছে আপনার হয়ে এই মূল্য দাবী গুলি ঠিক কি না দেখবার জন্য আবেদন করতে পারেন।

আপনি আপনার স্থানীয় এলাকায় খোজ নিয়ে দেখতে পারেন যে কি পরিমান মূল্য সঙ্গতভিত্তিক। যেমন একটা ভ্যান নিয়ে আসার জন্য বেইলিফ আপন ার কাছে ৮০ পাউন্ড মূল্য দাবী করে এবং আপনি স্থানীয় এলাকায় খোজ নিয়ে দেখলেন যে একদিন কেবলমাত্র সকাল বেলার জন্য আপনি ২০ পাউন্ডে একটা ভ্যান ভাড়া করতে পারেন, তাহলে দেখা যাচ্ছে যে বেইলিফ আপনার কাছে যে মূল্য দাবী করেছে সেটা সম্পূর্ন অসঙ্গত। বিশেষতঃ যেখানে বেইলিফ একসঙ্গে অনেকগুলি বাড়িতে যাবে এবং অনেক বেইলিফের কোম্পানিরই নিজস্ব ভ্যান আছে।

প্রথমতঃ বেইলিফদের কাছে অভিযোগ করুন। আপনি তাদের এটা বলতে পারেন যে আপনি জানেন যে তারা আপনার কাছে অত্যন্ত বেশী মূল্য দাবী করেছে এবং তারা যদি উপরে যে পরিমান দেখানো হয়েছে সেই পরিমান মত মূল্য না কমায় তাহলে আপনি এ সম্বন্ধে কিছু না কিছু করবেন।

- যেহেতু বেইলিফরা কাউন্সিলের হয়ে কাজ করছে সেইজন্য আপনি কাউন্সিলের কাছে অভিযোগ করতে পারেন। অল্পদিন আগে এইরকম কতকগুলি কেস হয়েছিল যেগুলি ম্যাজিস্ট্রেটের আদালতের সামনে হাজির করা হয়েছিল। এর ফলে কাউন্সিলকে নিষেধ করে দেওয়া হয়েছিল যাতে কোনরকম জিনিষপত্র উদ্ধারের কাজ চালাতে না পারে, অথবা অন্যভাবে বলা যায় যে ধার বরবাদ করে দেওয়া হয়েছিল। তার মানে অভিযোগ করা সার্থক।

- বেইলিফদের কতকগুলি প্রাইভেট কোম্পানি আছে যেগুলি সার্টিফিকেটেড বেইলিফস এসোসিয়েশন (The Certified Bailiffs Association) অথবা এসোসিয়েশন অফ সিভিল এনফোর্সমেন্ট এজেন্সির (Association of Civil Enforcement Agencies) সঙ্গে যুক্ত। নীচে এগুলির সম্বন্ধে বিস্তারিত খবর দেওয়া হল। আপনি কাউন্সিলের কাছে অভিযোগ করার সঙ্গে সঙ্গে এদের কাছেও অভিযোগ করতে পারেন।

দি সেক্রেটারি
এসোসিয়েশন অফ সিভিল এনফোর্সমেন্ট এজেন্সিস
চেশাম হাউস
১৫০ রিজেন্ট স্ট্রীট
লন্ডন ডব্লু১বি ৫এস জে
টেলিফোন  ০২০৭ ৪৩২ ০৩৬৬

The Secretary
Association of Civil Enforcement Agencies
Chesham House
150 Regent  Street
London W1B 5SJ
Tel:  0207 432 0366

দি সেক্রেটারি
দি সার্টিফিকেটেড বেইলিফস এসোসিয়েশন (সিবিএ)
রিজফিল্ড হাউস
১৪ জন ডলটন স্ট্রীট
ম্যানচেষ্টার  এম২ ৬জে আর

টেলিফোন  ০১৬১ ৮৩৯ ৭২২৫

The Secretary
The Certified Bailiffs Association (CBA)
Ridgefield House
14 John Dalton Street
Manchester  M2 6JR

Tel:  0161 839 7225

অভিযোগ করবার আগে, আপনার বেইলিফ কোন এসোসিয়েশনের সঙ্গে যুক্ত, সেটা জেনে নিন।

**১৯৯৮ সালের এপ্রিল মাস থেকে পোল ট্যাক্স/কাউন্সিল ট্যাক্সের জন্য বেইলিফদের**

**মূল্য (charge) তালিকা**

| ঘটনা | মূল্যতালিকা |
|---|---|
| দেনাদারের বাড়ীতে যাওয়া যেখানে বাড়ীর ভিতর ঢোকা হয় নি এবং জিনিষগুলির তালিকাও তৈরী করা হয় নি (তার মানে জিনিষগুলি সংগ্রহের আদেশ দেওয়া হয় নি) | ক) ২০ পাউন্ড একবার আসার জন্য (১৫ পাউন্ড পোল ট্যাক্সের জন্য)<br>খ) ১৫ পাউন্ড দ্বিতীয়বার আসার জন্য (১২.৫০ পোল ট্যাক্সের জন্য )<br>গ) এর পরে অন্যান্যবার আসার জন্য কোন মূল্য দিতে হবে না |
| জিনিষগুলি সংগ্রহ করার জন্য (তার মানে হল যে যেখানে বেইলিফ শান্তিপূর্ণ ভাবে বাড়ীতে ঢুকেছে এবং জিনিষগুলির তালিকা তৈরী করেছে) | ক) ২০% প্রথম ১০০ পাউন্ডের জন্য অথবা আংশিক (তার মানে ২০ পাউন্ড) (১৫% অথবা ১৫ পাউন্ড পোল ট্যাক্সের জন্য)<br>খ) ৪% পরবর্ত্তি ৪০০ পাউন্ডের জন্য<br>গ) ২.৫% পরবর্ত্তি ১,৫০০ পাউন্ডের জন্য |
| ওয়াকিং পজেশন (walking possession) চুক্তি করবার জন্য | একই মূল্য ১০ পাউন্ড (প্রত্যেক দিন ১০ পেনি করে পোল ট্যাক্সের জন্য) |
| ক্লোজ পজেশন (Close Possession)চুক্তির জন্য। তার মানে হল বেইলিফ জিনিষগুলির সঙ্গে থাকবে | ১২.৫০ প্রত্যেক দিনের জন্য ((১০ পাউন্ড পোল ট্যাক্সের জন্য) |
| জিনিষগুলি সংগ্রহ করার আদেশ দেওয়ার পর গাড়ী নিয়ে জিনিষগুলি সংগ্রহ করবার জন্য একবার আসার জন্য | যে খরচ সঙ্গত হবে। বিশেষ দ্রস্টব্য: এর জন্য কেবলমাত্র একবারই মূল্য দিতে হবে |
| জিনিষগুলি সরানোর এবং গুদামে রাখার জন্য | যে খরচ সঙ্গত হবে : |
| বিভিন্ন ধরনের জিনিষগুলি বিক্রি করবার জন্য অথবা জিনিষগুলির প্রস্তাবিত বিক্রয়ের জন্য। তার মানে হল নিলামের পারিশ্রমিক ইত্যাদি | বিভিন্ন রকমের পারিশ্রমিক এবং খরচগুলি: |

**মনে রাখবেন: আপনার ধারদেনার সমস্যার জন্য কোন ঝামেলা হলে, আপনি উপদেশের জন্য সর্ব্বদাই আমাদের ফোন & করতে পারবেন**

**০৮০৮ ৮০৮ ৪০০০**

কপিরাইট: ন্যাশনাল ডেটলাইন ১৯৯৪ (২০০১ সালের এপ্রিল মাসে সংশোধিত)
যদিও এই লিফলেটের তথ্যগুলি সঠিক এবং আধুনিক (up to date) করবার যথাসাধ্য চেষ্টা করা হয়েছে, ন্যাশনাল ডেট লাইন, এই তথ্য পত্র প্রচারের পর থেকে, আইনের অদল বদলের এবং কেসের দ্বারা আইনের উপর প্রভাব বিস্তারের জন্য দায়ী নয়।